গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০১২.১৪.১৮৬.১৯.৫৮৫

তারিখঃ ১৫ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ
৩১ ভাদ্র, ১৪২৬ বঙ্গাব্দ

প্রেরকঃ উপপরিচালক (কাবিখা-২)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

প্রাপকঃ (১) জেলাপ্রশাসক,......................(সংশ্লিষ্ট সকল)।

(২) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
খাদ্য ভবন, ১৬ আব্দুল গনি রোড, ঢাকা।

বিষয়: **২০১৯-২০ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় পৌরসভাওয়ারী সোলার খাতে ১ম কিস্তির নগদ অর্থ বরাদ্দ প্রদান প্রসঙ্গে।**

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ০৪/০৯/২০১৯ খ্রিঃ তারিখের ৫১.০০.০০০০.৪২২.১৪.০০২.১৯.৩৪৬নং মঞ্জুরী আদেশের প্রেক্ষিতে ২০১৯-২০ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় ময়মনসিংহ বিভাগের ৪টি জেলার ২৮টি পৌরসভায় সোলার হোম সিস্টেম, সোলার মিনি/মাইক্রো/ন্যানো গ্রীড, সৌর সেচ পাম্প, বায়োগ্যাস প্লান্ট ও উন্নত চুলাখাতে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের নিমিত্ত পৌরসভাওয়ারী ১ম কিস্তির **সর্বমোট ৯০,০৭,০১৭.০৫ (নব্বই লক্ষ সাত হাজার সতের দশমিক শূন্য পাঁচ) টাকা** বরাদ্দ প্রদান করা হলো। উক্ত বরাদ্দকৃত অর্থ বিভাজনমতে উপবরাদ্দ প্রদান এবং নিম্নবর্ণিত শর্ত ও সর্বশেষ সংশোধিত টিআর নির্দেশিকা অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম গ্রহণ করতে অনুরোধ করা হলো।

২। এই ব্যয় বাজেট কোড নং-১৪৯০১০১-১২০০০১৯০৪-৩৭২১১০১ খাত হতে নির্বাহ করা হবে।

৩। বরাদ্দকৃত অর্থ উত্তোলনের ক্ষমতাপত্র দ্রুত সংশ্লিষ্ট জেলা/পৌরসভার (উপজেলা) অনুকূলে প্রদানের জন্য প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তাকে অনুরোধ করা হলো।

| ক্রমিক নং | জেলার নাম | পৌরসভার নাম | | বরাদ্দকৃত নগদ অর্থের পরিমাণ |
|---|---|---|---|---|
| ১ | জামালপুর | ১ | জামালপুর পৌরসভা | ১০২০৮২০.৫৭ |
| | | ২ | সরিষাবাড়ী পৌরসভা | ৪০৯৮৯৮.০৫ |
| | | ৩ | ইসলামপুর পৌরসভা | ৩০৩৮৫৬.৩৬ |
| | | ৪ | মেলান্দহ পৌরসভা | ২৪৩৬৩৩.৫৪ |
| | | ৫ | দেওয়ানগঞ্জ পৌরসভা | ৩৫৪৭২৮.২৮ |
| | | ৬ | মাদারগঞ্জ পৌরসভা | ২৩১৯৫৩.০৭ |
| | | ৭ | বকশীগঞ্জ পৌরসভা | ৪২০৬১৯.৭৪ |
| | | ৮ | হাজরাবাড়ী পৌরসভা | ২২২১২৬.৪২ |
| | | | **মোট=** | ৩২০৭৬৩৬.০৪ |
| ২ | শেরপুর | ১ | শেরপুর পৌরসভা | ৫৩৭৩০৭.০৫ |
| | | ২ | নালিতাবাড়ী পৌরসভা | ১৯৯৬৩৩.৬ |
| | | ৩ | নকলা পৌরসভা | ২৮৯২২১.২৫ |
| | | ৪ | শ্রীবর্দী পৌরসভা | ১৯৮৯৭৪.৭৬ |
| | | | **মোট=** | **১২২৫১৩৬.৬৬** |
| ৩ | ময়মনসিংহ | ১ | ময়মনসিংহ পৌরসভা | ১১৭৭৯৩৬.৭ |
| | | ২ | মুক্তাগাছা পৌরসভা | ২৭৬২৮৫.৫৪ |

| ক্রমিক নং | জেলার নাম | পৌরসভার নাম | | বরাদ্দকৃত নগদ অর্থের পরিমাণ |
|---|---|---|---|---|
| | | ৩ | গৌরিপুর পৌরসভা | ১৭২৬৭২.৬ |
| | | ৪ | ঈশ্বরগঞ্জ পৌরসভা | ২১৫১২৫.৩৫ |
| | | ৫ | নান্দাইল পৌরসভা | ৩৬১৪৩৪.৮২ |
| | | ৬ | ত্রিশাল পৌরসভা | ২৫৭৫৪২.৬ |
| | | ৭ | ভালুকা পৌরসভা | ১৫০৪০৪.৫৭ |
| | | ৮ | গফরগাওঁ পৌরসভা | ১৪৯০২৫.৪৯ |
| | | ৯ | ফুলপুর পৌরসভা | ১৭৩৩৪২.৮৪ |
| | | ১০ | ফুলবাড়ীয়া পৌরসভা | ২৭৩৫৪১.১৩ |
| | | ১১ | হালুয়াঘাট পৌরসভা | ২০৫০৩০.৫৭ |
| | | | **মোট=** | **৩৪১২৩৪২.২১** |
| ৪ | নেত্রকোনা | ১ | নেত্রকোনা পৌরসভা | ৫১৯৬১২.৪ |
| | | ২ | মোহনগঞ্জ পৌরসভা | ১৪৮০০৬.২ |
| | | ৩ | দুর্গাপুর পৌরসভা | ১৭৬৭৫৩.৭ |
| | | ৪ | কেন্দুয়া পৌরসভা | ১৭৮২৭০.৩৬ |
| | | ৫ | মদন পৌরসভা | ১৩৯২৫৯.৪৮ |
| | | | **মোট=** | **১১৬১৯০২.১৪** |
| | | **২৮টি পৌরসভায়** | **সর্বমোট=** | **৯০,০৭,০১৭.০৫ (নব্বই লক্ষ সাত হাজার সতের দশমিক শূন্য পাঁচ) টাকা** |

**শর্তসমূহঃ-**

(১) ১ম কিস্তির অর্থ বরাদ্দের বিপরীতে টিআর নির্দেশিকা ও সোলার প্যানেল বাস্তবায়ন নির্দেশিকা অনুসরন করে প্রকল্প তালিকা গ্রহণপূর্বক জেলা কর্ণধার কমিটির নিকট প্রেরণ করতে হবে;

(২) ১ম কিস্তির প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন সময়সীমা আগামী ৩১/১২/২০১৯খ্রি.;

(৩) এ কর্মসূচির অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধান ও টিআর নির্দেশিকা-২০১৪ এবং সোলার প্রকল্প বাস্তবায়ন নিদের্শিকায় বর্ণিত অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে;

(৪) এ কর্মসূচির প্রকল্প গ্রহণ/বাছাই টিআর কর্মসূচির নির্দেশিকার ৪নং অনুচ্ছেদ যথাযথভাবে অনুসরণ করতে হবে;

(৫) প্রি-ওয়ার্ক পরিমাপ বাধ্যতামূলক করা। প্রি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে রাখা, ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করতে হবে যাতে কর্মত্তোর জরিপের একটি তুলনা করা সম্ভব হয়; প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন বাধ্যতামূলক করতে হবে;

(৬) নির্ধারিত সময় সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করে দেয়া এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত অর্থ ফেরৎ নেয়াসহ দেশের প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(৭) প্রকল্প সুষ্ঠু বাস্তবায়নে সরকারী কর্মকর্তাদের পাশাপাশি জনপ্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করতে হবে;

(৮) বরাদ্দ প্রাপ্তির ১৫ দিনের মধ্যে প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠনসহ আনুষাঙ্গিক কাজ সম্পন্ন করে কাজ শুরু নিশ্চিত করতে হবে। অব্যয়িত টাকা যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে;

(৯) গৃহীত/প্রস্তাবিত প্রকল্প সরেজমিনে পরিদর্শন করে বরাদ্দকৃত অর্থ/খাদ্যশস্য ছাড় করতে হবে;

(১০) প্রকল্প বাস্তবায়নের মাসিক অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত ছকে এবং বাস্তবায়িত প্রকল্পের মাস্টার রোল সমন্বয়ান্তে চূড়ান্ত প্রতিবেদন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণ করতে হবে

(১১) নিরীক্ষার জন্য হিসাব/ভাউচার যথারীতি সংরক্ষণ করতে হবে।

৪। এতে মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

২৪/৯/১৯
(মোঃ মনিরুজ্জামান)
উপসচিব
উপপরিচালক (কাবিখা-২)
☎৫৮৮১৫৫৬০
ই-মেইল: ddmreport@gmail.com

৭৮

স্মারক নং- ৫১.০১.০০০০.০১২.১৪.১৮৫.১৯.৫৮৫ তারিখঃ ১৫ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ / ৩১ ভাদ্র, ১৪২৬ বঙ্গাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১। বিভাগীয় কমিশনার,ময়মনসিংহ।
২। উপ-সচিব (বাজেট), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [ibas++ এ অর্থ প্রেরণ নিশ্চিত করতে অনুরোধ করা হলো]।
৩। পরিচালক (মূওপ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৪। উপজেলা চেয়ারম্যান ......................................, জেলা-......................................।
৫। মেয়র ............................................................... পৌরসভা, জেলা-......................................।
৬। উপজেলা নির্বাহী অফিসার,.................................., জেলা-......................................।
৭। কম্পিউটার প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা। [পত্রটি অত্র অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ]।
৮। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ...............................(সংশ্লিষ্ট সকল)
৯। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ........................(সংশ্লিষ্ট সকল) [উল্লিখিত অর্থ ibas++ এ ছাড়করণের জন্য উপবরাদ্দের কপি ddmreport@gmail,com এ ই-মেইলে প্রেরণের অনুরোধসহ]।
১০। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ....................................,(সংশ্লিষ্ট সকল)
১১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,.......................................,(সংশ্লিষ্ট সকল)

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ-

১। সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। ব্যবস্থাপনা পরিচালক, ইডকল(IDCOL), ইউটিসি ভবন, ১৬ তলা, ৮ পান্থপথ, কাওরান বাজার, ঢাকা।
৫। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৬। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৫/৯/১৯

(মোঃ মনিরুজ্জামান)
উপসচিব
উপপরিচালক (কাবিখা-২)
☎৫৮৮১৫৫৬০
ই-মেইল: ddmreport@gmail.com